[৬ নভেম্বর, ২০২২ ইং তারিখ পর্যন্ত হালনাগাদকৃত]

# ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩


**বাংলাদেশ গেজেট**

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, মে ০৪, ২০০৩**

**[৮ম খন্ড-- বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]**


**সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন**

SECURITIES AND EXCHANGE COMMISSION

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১লা এপ্রিল ২০০৩ইং/১৮ই চৈত্র ১৪০৯বাং

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/১৭-সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, নিম্মোক্ত প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম।-** এই প্রবিধানমালা ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।-** (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না হইলে, এই প্রবিধানমালায়-

(ক) “আইন” অর্থ ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) ;

(খ) “ইলেকট্রনিক যোগাযোগ” অর্থ কম্পিউটার সহ ইলেকট্রনিক পদ্ধতিতে কোন যোগাযোগ ব্যবস্থা;

(গ) “উপ-আইন” অর্থ আইনের অধীন জারিকৃত ডিপজিটরির উপ-আইন;

(ঘ) “তফসীল” অর্থ এই প্রবিধানমালার সহিত সংযুক্ত কোন তফসীল;

(ঙ) “পরিচালনা ম্যানুয়াল’’ অর্থ ডিপজিটরির পরিচালনা ম্যানুয়াল;

(চ) “ব্যক্তি” অর্থে কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার বা অন্য কোন শ্রেণীর প্রতিষ্ঠানও অন্তর্ভূক্ত হইবে।

[১][(ছ) “রেকর্ড ডেট(record date)” অর্থ ইস্যুয়ার কর্তৃক ঘোষিত কোন নির্দিষ্ট তারিখ, যে তারিখে ডিপজিটরি রেজিস্ট্রারে রেকর্ডভূক্ত সদস্যগণ উক্ত ইস্যুয়ারের সাধারন সভা, বিশেষ সাধারন সভা ইত্যাদিতে অংশগ্রহণ এবং ভোট প্রদানের ক্ষমতা প্রাপ্ত হইবে এবং ঘোষিত লভ্যাংশ, রাইট/বোনাস শেয়ার ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবে।]

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত শব্দ, যাহা উপ-প্রবিধান (১) এ সংজ্ঞায়িত হয় নাই উহা, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন), এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) সহ উহাদের অধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

৩। **আপতকালীন অবস্থা জারি।-**(১) ডিপজিটরির নিয়ন্ত্রন বিহর্ভূত কোন বিশেষ পরিস্থিতির (যেমন ভূমিকম্প, নাশকতামূলক কর্মকান্ড, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদি) কারনে যোগাযোগ, বিদ্যুৎ, টেলিফোন ব্যবস্থা ক্ষতিগ্রস্ত বা বিপর্যস্ত হইলে কোন ডিপজিটরি কমিশনের সাথে আলোচনাক্রমে, আপতকালীন অবস্থা জারি করিতে পারিবে।

(২) জারিকৃত আপতকালীন অবস্থায় লেনদেন প্রক্রিয়ার জন্য ডিপজিটরি সাময়িকভাবে বিশেষ ব্যবস্থা নিতে পরিবে যাহার সম্বন্ধে অবিলম্বে (সর্বোচ্চ চব্বিশ ঘন্টার মধ্যে) কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৪। **বিপর্যয় মোকাবেলার ব্যবস্থা ও পদ্ধতি।-** ডিপজিটরির কারিগরী ত্রুটি বা অন্য কোন কারণে সৃষ্ট বিপর্যয় তাৎক্ষণিকভাবে মোকাবেলার জন্য পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে এবং এতদসংক্রান্ত পদ্ধতি এডমিনিস্ট্রেশন ম্যানুয়ালে (administration manual) বিধৃত হইতে হইবে।

৫। **ডিপজিটরির তথ্যের নিরাপত্তা।-** আপতকালীন সিস্টেম সহ ডিপজিটরি এইরূপ সকল ব্যবস্থা গ্রহণ করিবে যাহাতে ডিপজিটরিতে রক্ষিত তথ্য সম্পূর্ণ নিরাপদ ও নিশ্চিত থাকে, উহা যেন নষ্ট বা বিকৃত না হয়, ডিপজিটরির অন্তর্মূখী ও বহির্মূখী (inward and outward) উপাত্ত (data) সঞ্চালন যেন গুপ্তায়িত (encripted) হয় এবং ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালা সহ এই প্রবিধানমালা বা ডিপজিটরির উপ-আইনের বিধান বা পদ্ধতি ছাড়া অন্য কোন ভাবেই যেন কেহ উক্ত তথ্য সংগ্রহ বা ব্যবহার করিতে না পারে।

৬। **অভ্যন্তরীণ মূল্যায়ন, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা।-** ডিপজিটরিতে উহার সিস্টেম, কার্যবিধি, নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত অভ্যন্তরীণ মূল্যায়ন, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকিতে হইবে।

৭। **তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ ব্যবস্থা।-** (১) ডিপজিটরি, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত তথ্য, রেকর্ড ইত্যাদি, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণে, সংরক্ষণ করিবে, যথাঃ-

(ক) যেই সকল সিকিউরিটি অজড় বা পুনঃজড় করা হইয়াছে উহার রেকর্ড ;

(খ) হস্তান্তরকারী ও হস্তান্তর গ্রহীতার নাম, ঠিকানা এবং হস্তান্তরের তারিখ ;

(গ) সকল সিকিউরিটির হিসাব ধারক (account holder) অনুযায়ী তালিকা বা ইনডেক্স (index);

(ঘ) ডিপজিটরি অংশগ্রহনকারী, ইস্যুয়ার, ইস্যুয়ারের প্রতিনিধি এবং হিসাব ধারকের নিকট প্রেরিত এবং তাহাদের নিকট হইতে গৃহীত সকল নির্দেশের রেকর্ড ;

(ঙ) প্লেজ (pledge) সংক্রান্ত সকল রেকর্ড ;

(চ) সকল অংশগ্রহনকারী সম্বন্ধে বিস্তারিত বিবরণ ;

(ছ) যে সকল সিকিউরিটি অজড় অবস্থায় সংরক্ষণের যোগ্য হিসাবে ঘোষিত হইয়াছে উহার বিবরণ ;

(জ) প্রযোজ্য ক্ষেত্রে, সিকিউরিটি ধার গ্রহণ ও ধার প্রদান (security borrowing and lending) সংক্রান্ত বিবরণ; এবং

(ঝ) অন্য যে কোন তথ্য বা রেকর্ড যাহা কমিশন কর্তৃক সময় সময় সংরক্ষণের জন্য নির্ধারিত হয়।

(২) ডিপজিটরি উহার তথ্যাদি, রেকর্ড এবং ডকুমেন্ট কোথায় সংরক্ষিত হইবে তাহা পূর্বেই কমিশনকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) অন্য কোন আইনের বিধান প্রতিপালন সাপেক্ষে, ডিপজিটরি উহার তথ্যাদি, রেকর্ড ও ডকুমেন্ট ন্যূনপক্ষে সাত বৎসর সংরক্ষণ করিবে।

৮। **নিয়মিত পরিদর্শন ব্যবস্থা।-** সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে ডিপজিটরি উহার সিস্টেম, কার্যবিধি, নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা নিয়মিতভাবে পরিদর্শন করিবে এবং পরিদর্শন প্রতিবেদনের এক কপি কমিশনে দাখিল করিবে।

৯। **ডিপজিটরি কর্তৃক কার্যকর ইলেকট্রনিক যোগাযোগ সংরক্ষণ ব্যবস্থা।-** ডিপজিটরি সিকিউরিটি ইস্যুয়ার, ডিপজিটরি অংশগ্রহনকারী, স্টক এক্সচেঞ্জ, ক্লিয়ারিং কর্পোরেশন বা হাউজ, ক্লিয়ারিং ব্যাংক এবং অন্য কোন ডিপজিটরি থাকিলে উহা সহ কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের সহিত কার্যকর ইলেকট্রনিক যোগাযোগ সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিবে।

১০। **অন্যান্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত সহযোগিতা।-** ডিপজিটরি প্রত্যেক হিসাব ধারক, সুবিধাভোগী মালিক (প্রযোজ্য ক্ষেত্রে), ডিপজিটরির অংশগ্রহনকারী, ইস্যুয়ার, ইস্যুয়ারের এজেন্ট, সিকিউরিটির কাস্টডিয়ান, ক্লিয়ারিং ব্যাংক, স্টক এক্সচেঞ্জ, ক্লিয়ারিং কর্পোরেশন বা হাউজ এবং অন্য যে কোন ডিপজিটরি সহ কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের সহিত এইরূপ সহযোগিতা করিবে যাহা নির্ভরযোগ্য, দ্রুত ও নিরাপদ সকল সেবা প্রদান নিশ্চিত করে।

১১। **ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ব্যবস্থার সাথে সমন্বয়।-** ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ব্যবস্থায় পরিবর্তনের কোন প্রস্তাব কমিশন যথাশীঘ্র সম্ভব ডিপজিটরিকে অবহিত করিবে এবং ডিপজিটরি কমিশনের অনুমোদিত পরিবর্তন তাহার সিস্টেমে দ্রুত সমন্বয়ের জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করিবে।

১২। **ক্ষতিপূরণের ব্যবস্থা।-** ডিপজিটরির কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আইনানুযায়ী ক্ষতি পূরণ দিবার জন্য ডিপজিটরির পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে যাহার মধ্যে বীমা অন্তর্ভূক্ত হইতে পারিবেঃ

শর্ত থাকে যে, বীমাকারী প্রতিষ্ঠান, উহার কোন অংগ সংগঠন কিংবা উহাদের কোন কর্তকর্তা, শেয়ারহোল্ডার বা প্রতিনিধি, বীমার মেয়াদকালীন সময়ে ডিপজিটরির পর্ষদে অন্তর্ভূক্ত হইতে বা থাকিতে পারিবে না।

১৩। **ডিপজিটরির দায়িত্ব বা কর্তব্য অর্পণে (delegation) নিষেধাজ্ঞা।-** কমিশনের পূর্বানুমতি ব্যতিত ডিপজিটরি উহার ডিপজিটরি কার্য অন্য কাহারো নিকট অর্পন করিতে পারিবে না।

১৪। **ডিপজিটরি অবলুপ্তি সংক্রান্ত বিধান।-** কোন ডিপজিটরি অবলুপ্ত হইতে চাহিলে সর্বপ্রথম কমিশনের নিকট অবলুপ্তির অনুমোদনের জন্য নিম্নলিখিত তথ্যসহ লিখিত আবেদন করিতে হইবেঃ

(ক) ডিপজিটরি অবলুপ্ত হইবার কারন;

(খ) ডিপজিটরি যেই ভাবে অবলুপ্ত হইতে চায় তাহার বর্ণনা;

(গ) ডিপজিটরিতে রক্ষিত সিকিউরিটির নিরাপত্তা ও হেফাজত কিভাবে সংরক্ষিত হইবে এবং ডিপজিটরির অবলুপ্তির পর উক্ত সিকিউরিটির কি হইবে তাহার বিবরন;

(ঘ) ডিপজিটরি যেই সব ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত সিকিউরিটি সংক্রান্ত বিষয়ে চুক্তিবদ্ধ আছে তাহা সহ সংশ্লিষ্টদের সাথে দায়দায়িত্বের কি ব্যবস্থা গৃহীত হইবে তাহার বিস্তারিত বিবরন; এবং

(ঙ) কমিশন কর্তৃক চাওয়া অন্য যে কোন তথ্যঃ

শর্ত থাকে যে, কেবলমাত্র কমিশনের লিখিত অনুমোদন পাওয়ার পরই কোন ডিপজিটরি অবলুপ্তি সংক্রান্ত আনুষ্ঠানিকতা শুরু করিতে পারিবে।

## দ্বিতীয় অধ্যায়
## সংরক্ষণযোগ্য সিকিউরিটি

১৫। **ডিপজিটরিতে সংরক্ষণযোগ্য সিকিউরিটি।-** ডিপজিটরি, উহার উপ-আইনে উল্লিখিত পদ্ধতিতে, ডিপজিটরিতে অজড় (dematerialized) অবস্থায় সংরক্ষণযোগ্য তথা যোগ্য সিকিউরিটি নির্ধারণ করিবে।

১৬। **যোগ্য সিকিউরিটির শ্রেনী বিভাগ।-** কোন ডিপজিটরি যোগ্য সিকিউরিটিকে নিম্নলিখিত শ্রেনীতে বিভক্ত করিতে পারিবে এবং, উপ-আইনের শর্ত স্বাপেক্ষে, কোন অংশগ্রহনকারী কি ধরনের যোগ্য সিকিউরিটি রক্ষণ তথা হেফাজত করিতে পারিবে উহা নির্ধারন করিতে পারিবে, যথাঃ-

(ক) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটি;

(খ) সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড মার্কেট সিকিউরিটি অথবা অন্য কোন সিকিউরিটি যাহা বন্ড মার্কেট সিকিউরিটি হিসাবে গণ্য; এবং

(গ) অন্যান্য সিকিউরিটি, যাহার মধ্যে ইকুইটি এবং বন্ড সিকিউরিটি, মিউচুয়াল ফান্ড ইউনিট, বানিজ্যিক কাগজ (commercial paer) ইত্যাদিও অন্তর্ভূক্ত হইতে পারিবে।

১৭। **লিস্টিং এর জন্য যোগ্য সিকিউরিটি।-** (১) ডিপজিটরিকে ব্যবসা চালুকরন সার্টিফিকেট ইস্যুর পর কমিশন একটি নির্দিষ্ট তারিখ নির্ধারন করিবে যাহার মধ্যে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সকল কিংবা কোন নির্দিষ্ট সিকিউরিটি যোগ্য সিকিউরিটি হিসাবে ঘোষণা করিবে। অতঃপর কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের পর সকল বা কোন নির্দিষ্ট সিকিউরিটি অজড় (dematerialized) ব্যতিত স্টক এক্সচেঞ্জে লেনদেন করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, প্রয়োজন মনে করিলে, উক্ত তারিখ পরিবর্তন করিতে এবং কোন সিকিউরিটিকে যোগ্য সিকিউরিটি হইতে অব্যাহতি দিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, ডিপজিটরির উপ-আইন কমিশন কর্তৃক অনুমোদিত হইবার তারিখ হইতে অতঃপর স্টক এক্সচেঞ্জে নতুন তালিকাভূক্ত সকল সিকিউরিটি যোগ্য সিকিউরিটি হিসাবে বিবেচিত হইবে যাহা অজড় ব্যতিত স্টক এক্সচেঞ্জে লেনদেন করা যাইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে, কোন স্টক এক্সচেঞ্জ সেই সিকিউরিটির লিস্টিং সুবিধা অব্যাহত রাখা হইতে বিরত থাকিবে যাহাকে ইতিমধ্যে যোগ্য সিকিউরিটি হিসাবে ঘোষনা করা হয় নাই।

১৮। **ডিপজিটরিতে সংরক্ষণের জন্য ডিপজিটরি ও ইস্যুয়ারের মধ্যে চুক্তি।-** ডিপজিটরিতে সংরক্ষণের জন্য ডিপজিটরি ও সিকিউরিটি ইস্যুয়ার ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুক্তিবদ্ধ হইবেঃ

তবে শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে ডিপজিটরি নিজেই ইস্যুয়ার হইবে সেই ক্ষেত্রে উক্তরূপ চুক্তির প্রয়োজন হইবে না, তবে এই ধরণের চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী ইস্যুয়ার হিসাবে ডিপজিটরির জন্যও প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

[১][১৯। *]

## তৃতীয় অধ্যায়
## হিসাব সংরক্ষণ

২০। **হিসাব সুবিধা।-** ডিপজিটরি নিম্নলিখিত হিসাব পরিচালনার জন্য সুবিধা প্রদান করিতে পারিবে, যথা ঃ-

(ক) **ক্লিয়ারিং (clearing) হিসাব।-** ট্রেডিং অংশগ্রহনকারী, কাস্টডি অংশগ্রহণকারী, সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংশগ্রহনকারী স্টক এক্সচেঞ্জে লেনদেন নিষ্পত্তির জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(খ) **প্রধান (principal) হিসাব।-** ট্রেডিং অংশগ্রহণকারী, কাস্টডি অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংশগ্রহনকারী তাহাদের নিজস্ব সিকিউরিটি সংরক্ষনের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(গ) **গ্রাহক (customer) হিসাব।-** পূর্ণ সেবার অংশগ্রহনকারী এবং কাস্টডি অংশগ্রহনকারী বিনিয়োগকারীদের নামে সিকিউরিটি সংরক্ষনের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(ঘ) **মিলিত (omnibus) হিসাব।-** পূর্ণ সেবার অংশগ্রহনকারী এবং কাস্টডি অংশগ্রহনকারী একাধিক বিনিয়োগকারীর হিসাব একসাথে সংরক্ষনের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(ঙ) **প্রত্যক্ষ (direct) হিসাব।-** ডিপজিটরি সরাসরি বিনিয়োগকারীদের সিকিউরিটি সংরক্ষনের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(২) ডিপজিটরির এমন ব্যবস্থা থাকিতে হইবে যাহাতে যে কোন হিসাব সহসা সনাক্ত করা যায়।

(৩) প্রতিটি হিসাব উপ-আইনে উল্লিখিত পদ্ধতিতে খোলা হইবে।

---

[১]বাংলাদেশ গেজেটে ১৬ মে ২০০৪ইং তারিখে জরীকৃত প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/২৮৭/প্রশাসন-০২/৮ তারিখঃ ১১ এপ্রিল ২০০৪ এর প্রবিধিটি বিলুপ্ত করা হইয়াছে।

২১। **প্রত্যক্ষ হিসাব।-** (১) ডিপজিটরি কোন একক নামে শুধুমাত্র একটি প্রত্যক্ষ হিসাব খুলিতে পারিবে।

(২) প্রত্যক্ষ হিসাবের ধারক অন্য কোন ব্যক্তির সিকিউরিটি নিজের হিসাবে রাখিতে পারিবে না।

(৩) শুধুমাত্র লিখিত নির্দেশ মোতাবেক ডিপজিটরি প্রত্যক্ষ হিসাবের ধারকের সিকিউরিটি স্থানান্তর করিতে পারিবে।

(৪) লেনদেন হওয়া সাপেক্ষে, ডিপজিটরি প্রত্যক্ষ হিসাব ধারককে কোন লেনদেন সম্পন্ন হওয়ার পর হিসাবের মাসিক বিবরনী প্রদান করিবে যাহাতে পূর্ববর্তী বিবরনী হইতে বর্তমান বিবরনী পর্যন্ত সকল সিকিউরিটির লেনদেন লিপিবদ্ধ থাকিবে। কোন লেনদেন না থাকিলে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত বিবরণী দেওয়া যাইবে।

২২। **হিসাব মিলাইয়া দেখা।-** ডিপজিটরি ও উহার অংশগ্রহনকারীর এমন সিস্টেম তথা ব্যবস্থা থাকিবে যাহার মাধ্যমে ইস্যুয়ার, ডিপজিটরি এবং ডিপজিটরি অংশগ্রহনকারীর মধ্যে সিকিউরিটি সম্পর্কিত সঠিক হিসাব মিলাইয়া দেখা যায়। ইস্যুয়ার প্রতিবার, তাহার ডিপজিটরি রেজিষ্টারে কোন সিকিউরিটি অন্তর্ভূক্ত হইলে অথবা ডিপজিটরি রেজিস্টার হইতে কোন সিকিউরিটি উত্তোলিত হইলে, ডিপজিটরির সহিত অজড় সিকিউরিটির স্থিতি মিলাইয়া দেখিবে।

২৩। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাব ধারক এর সহিত চুক্তি সম্পাদন।**-ডিপজিটরি অংশগ্রহনকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত ফরমেট (format) অনুযায়ী, সকল হিসাব ধারকের সহিত চুক্তি সম্পাদন করিবে।

২৪। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাব ধারকের জন্য পৃথক হিসাব খোলা ইত্যাদি।-** (১) ডিপজিটরি অংশগ্রহনকারী উহার সকল হিসাব ধারকের জন্য, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পৃথক হিসাব খুলিবে, উহাদের সিকিউরিটি পৃথক হিসাব অনুযায়ী সংরক্ষণ করিবে এবং এক হিসাবের সিকিউরিটি অন্য হিসাবের সিকিউরিটির সহিত মিলিত করিবে না।

(২) ডিপজিটরি অংশগ্রহনকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত ফরমেট (format) অনুযায়ী, হিসাব ধারকের নিকট হইতে নির্দেশ পাওয়ার পর উহাদের হিসাবে সিকিউরিটি হস্তান্তর কার্যকর করিবে ।

২৫। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাবের বিবরণী (statement) ইত্যাদি প্রদান।**-ডিপজিটরি অংশগ্রহনকারী উহার সকল হিসাব ধারককে, উহাদের সহিত সম্পাদিত চুক্তি অনুযায়ী, তথা ডিপজিটরির উপ-আইনের বিধান অনুযায়ী, নির্দিষ্ট সময়ান্তে হিসাবের বিবরণী সরবরাহ করিবে।

২৬। **ডিপজিটরি অংশগ্রহনকারীর সহিত হিসাব খোলা ইত্যাদি।-** [১][(১) ডিপজিটরির সেবা গ্রহন করিতে ইচ্ছুক ব্যক্তি তাহার পছন্দমতো ডিপজিটরি অংশগ্রহনকারীর সহিত হিসাব খুলিতে পারিবে। ডিপজিটরি অংশগ্রহণকারী, ডিপজিটরির উপ-আইনে বণিত হিসাব খোলার জন্য যথাযথভাবে পূরণকৃত আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে, আবেদনকারীর পরিচয় নিশ্চিত হইয়া, আবেদনপত্রের সকল তথ্য এবং স্বাক্ষর সিস্টেমে প্রদান করিয়া হিসাব খুলিবে এবং হিসাব নম্বর লিখিতভাবে আবেদনকারীকে জানাইয়া দিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ব্যতিত কেহ একই ডিপজিটরি অংশগ্রহনকারীর সহিত একাধিক হিসাব খুলিতে পারিবে না।]

(২) ব্যক্তি শ্রেণীর এবং প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী কর্তৃক উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া তাহাদের পছন্দমতো ডিপজিটরি অংশগ্রহনকারীর নিকট উক্ত হিসাব খোলার আবেদন করিতে হইবে, এবং ডিপজিটরি অংশগ্রহণকারী তদপ্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহনকারীর সহিত রক্ষিত হিসাব বন্ধ করার আবেদন করা যাইবে, এবং ডিপজিটরি অংশগ্রহনকারী সেই অনুযায়ী তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট হিসাব খাতে কোন প্লেজ (pledge) সিকিউরিটি থাকিলে উক্ত হিসাব, বন্ধক গ্রহিতার পূর্বানুমতি ব্যতিরেকে, বন্ধ করা যাইবে না।

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

## চতুর্থ অধ্যায়
## ডিপজিটরি অংশগ্রহণকারী

২৭। **ডিপজিটরি অংশগ্রহনকারীর (depository participant) নিবন্ধন**।- (১) এই প্রবিধানমালার অধীন প্রাপ্ত নিবন্ধন সনদ ব্যাতিরেকে কেহ ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে কাজ করিতে পারিবে না।

(২) কোন ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে নিবন্ধনের জন্যঃ

(ক) কমিশন হইতে সনদপ্রাপ্ত ডিপজিটরির সুপারিশসহ কমিশনের নিকট **তফসীল-'১'** এ প্রদত্ত ছকে সংশ্লিষ্ট ডিপজিটরির মাধ্যমে আবেদন করিতে হইবে;

[১][(খ) উক্ত আবেদনের ছকে উল্লিখিত দলিলপত্র ও তথ্য সহ কমিশনের অনুকূলে প্রদেয় ফি বাবদ নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে ---------------------টাকা ২,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে-----------------------টাকা ৫০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা ১,০০,০০০ ।]

(গ) ডিপজিটরি, প্রাপ্ত আবেদনের নির্দিষ্ট অংশ পূরণ করিয়া উহা, উক্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সহ, সাত কার্যদিবসের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে ;

(ঘ) ডিপজিটরি যদি কোন আবেদন কোন কারণে কমিশনের বরাবরে নিবন্ধনের জন্য সুপারিশ করা যাইবে না বলিয়া স্থির করে তবে উহা উক্ত, কারণ উল্লেখ পূর্বক, সাত কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে যাহার একটি অনুলিপি একইসাথে, প্রাপ্ত ড্রাফট বা পে-অর্ডার সহ, কমিশনেও প্রেরণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, যেই কারণে কমিশনের বরাবরে আবেদনটি সুপারিশ না করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে আবেদনকারী কর্তৃক উক্ত কারণ দূরীভূত করিয়া পুনরায় আবেদন করা যাইবে, এবং সেই ক্ষেত্রে পুনরায় ফি প্রদান করিতে হইবে না।

২৮। **ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে নিবন্ধনের যোগ্যতা**।- কেহ এই প্রবিধানমালার অধীন ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে নিবন্ধনের যোগ্য হইবে, যদি-(১) আবেদনকারী নিম্নলিখিত যে কোন একটি শ্রেণীভূক্ত হয়, যথাঃ-

(ক) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ২৭ নম্বর আইন) এ সংজ্ঞায়িত কোন আর্থিক প্রতিষ্ঠান ;
(খ) The Bank Companies Act, 1991 (XIV of 1991) এ সংজ্ঞায়িত কোন ব্যাংক কোম্পানী ;
(গ) The Insurance Act, 1938 (IV of 1938) এ সংজ্ঞায়িত কোন বীমা কোম্পানী ;
(ঘ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত কোন কোম্পানী বা অন্য কোন আইনের অধীন স্থাপিত বা গঠিত কোন সংবিধিবদ্ধ বা বিধিবদ্ধ সংস্থা;
(ঙ) কমিশন কর্তৃক অনুমোদিত কোন ক্লিয়ারিং কর্পোরেশন, স্টক এক্সচেঞ্জের ক্লিয়ারিং হাউজ ;
(চ) কমিশন হইতে সনদ প্রাপ্ত কোন কর্পোরেট স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার, সম্পদ ব্যবস্থাপক, কাস্টডিয়ান বা অন্য কোন পুঁজিবাজার মধ্যস্থতাকারী ঃ

তবে শর্ত থাকে যে, স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে উহার নগদে পরিশোধিত মূলধন ন্যূনতম পঁচিশ লক্ষ টাকা হইতে হইবে যাহার মধ্যে অন্ততঃ ৭৫% সার্বক্ষণিক নীট সম্পদ (net worth) হিসাবে থাকিতে হইবে ঃ

আরও শর্ত থাকে যে, স্টক ডিলার বা স্টক ব্রোকার ট্রেডিং অংশগ্রহণকারী হইতে চাহিলে সেই ক্ষেত্রে উপরোক্ত শর্ত প্রযোজ্য হইবে নাঃ

---

[১] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশি হইয়াছে।

অধিকন্তু শর্ত থাকে যে, ডিলার বা স্টক ব্রোকার এর ক্ষেত্রে প্রবিধান ২৮, উপ-প্রবিধান (১) এর দফা (চ) এ উল্লিখিত কর্পোরেট সংক্রান্ত যোগ্যতা উহার জন্য বলবৎ কমিশনের সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এ উল্লিখিত সংশ্লিষ্ট বিধি প্রযোজ্য হইবে;

(ছ) কমিশন কর্তৃক সময় সময় এতদুদ্দেশে নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান; এবং

(২) আবেদনকারীর ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত অবকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা এবং উপযুক্ত লোকবল থাকে।

২৯। **ডিপজিটরি অংশগ্রহনকারীর শ্রেনীবিভাগ।-** কোন ডিপজিটরি, উপ-আইনের শর্ত সাপেক্ষে, অংশগ্রহনকারীকে নিম্নলিখিত শ্রেনীতে ভাগ করিতে পারিবে, যথাঃ-

(ক) **ট্রেডিং (trading) অংশগ্রহনকারী।-**কেবলমাত্র স্টক ডিলার বা স্টক ব্রোকার এই শ্রেনীর অংশগ্রহনকারী হইতে পারিবে এবং নিজস্ব হিসাব পরিচালনা সহ স্টক এক্সচেঞ্জের লেনদেন নিষ্পত্তির জন্য ক্লিয়ারিং হিসাব পরিচালনা করিতে পারিবে।

(খ) **পূর্ণ সেবার (full service) অংশগ্রহনকারী।-** এই শ্রেনীর অংশগ্রহনকারী নিজস্ব হিসাব, ক্লিয়ারিং হিসাব এবং বিনিয়োগকারীর হিসাব পরিচালনা করিতে পারিবে।

(গ) **কাস্টডি (custody) অংশগ্রহনকারী।-** এই শ্রেনীর অংশগ্রহনকারী নিজস্ব হিসাব সহ তাহার গ্রাহকদের কাস্টডি হিসাব এবং স্টক ব্রোকার বা স্টক ডিলারের ক্লিয়ারিং হিসাব পরিচালনা করিতে পারিবে।

(ঘ) **সেটেলমেন্ট এজেন্ট (settlement agent) অংশগ্রহনকারী।-**এই শ্রেণীর অংশগ্রহনকারী কমিশন কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং শুধুমাত্র কমিশনের সনদ প্রাপ্ত স্টক ব্রোকার বা স্টক ডিলার এর পক্ষে স্টক এক্সচেঞ্জে সম্পাদিত লেনদেন নিষ্পত্তির জন্য সেবা প্রদান সংক্রান্ত হিসাব পরিচালনা করিতে পারিবে।

৩০। **ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে নিবন্ধীকরণ।- (১)** ডিপজিটরি অংশগ্রহনকারী হিসাবে নিবন্ধীকরণের জন্য কোন আবেদন প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনটি এই প্রবিধানমালার অধীন মঞ্জুর করার যোগ্য তাহা হইলে, আবেদন প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে, কমিশন উহা মঞ্জুর করিবে এবং আবেদনকারীর অনুকূলে **তফসীল-'২'** এ প্রদত্ত ছকে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(২) নিবন্ধীকরণের নিমিত্ত কোন আবেদন বিবেচনার জন্য আরও অধিক তথ্য প্রয়োজন হইলে কমিশন, আবেদন প্রাপ্তির সাত দিনের মধ্যে, উক্ত তথ্য তলব করিতে পারিবে; এবং কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত তথ্য প্রাপ্তির পর আবেদনটি গ্রহনযোগ্য হইলে কমিশন উহা মঞ্জুর করিবে এবং অতিরিক্ত তথ্য প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর অনুকূলে নিবন্ধন সনদ প্রদান করিবে [১][ঃ ]

[২][তবে শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের অনুকুলে নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে ---------------------টাকা ৫,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে-----------------------টাকা ১,০০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা ২,০০,০০০ ।]

(৩) নিবন্ধীকরণের জন্য কোন আবেদন পরীক্ষার পর কমিশন যদি এই মর্মে সিদ্ধান্তে উপনীত হয় যে, আবেদনটি এই প্রবিধানমালার অধীন মঞ্জুর করার যোগ্য নহে, বা উহা মঞ্জুর করা পুঁজি বাজার বা জনস্বার্থের সহায়ক হইবে না, তাহা হইলে লিখিতভাবে কারণ উল্লেখ করিয়া উহা প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে, বা উপ-প্রবিধান (২) এর অধীন অধিক তথ্য প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে, কমিশন উহা নামঞ্জুর করিতে পারিবে ঃ

---

[১] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে [ ।] এর স্থলে [ঃ] প্রতিস্থাপিত হইয়াছে, যাহা যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশি হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশি হইয়াছে।

তবে শর্ত থাকে যে, উক্ত কারণ দূরীভূত করিয়া আবেদনকারী পুনরায় ডিপজিটরির মাধ্যমে কমিশনে আবেদন করিতে পারিবে।

[১][(৪) কমিশন কর্তৃক প্রদত্ত কোন নিবন্ধন সনদ উহাতে উল্লিখিত শর্তাধীনে প্রদানের তারিখ হইতে (ক) কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে পাঁচ বছর, এবং (খ) ট্রেডিং ও অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে এক বছর পর্যন্ত কার্যকর থাকিবে।]

(৫) ডিপজিটরির অংশগ্রহণকারী কর্তৃক সরবরাকৃত কোন তথ্য পরবর্তীকালে পরিবর্তিত হইলে উহা ডিপজিটরি এবং কমিশনকে তাৎক্ষনিকভাবে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

[২][(৬) প্রত্যেক ক্ষেত্রে কমিশনের বরাবরে প্রদেয় নবায়ন ফি বাবদ নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদান সহ ডিপজিটরির মাধ্যমে তফসীল-৩ এ প্রদত্ত ছকে একটি আবেদন কমিশনে দাখিল করতঃ নিন্ধন সনদ (ক) কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে পাঁচ বছর, এবং (খ) ট্রেডিং ও অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে এক বছরের জন্য নবায়ন করা যাইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে ---------------------টাকা ৫,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে-----------------------টাকা ১,০০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা [৩][টাকা ৫০,০০০:

তবে শর্ত থাকে যে, অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে নবায়ন ফি টাকা ৫০,০০০ আগস্ট ২২, ২০২১ তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।]

(৭) উপ-প্রবিধান (৬) এ উল্লিখিত নিবন্ধন সনদ নবায়নের আবেদন নিবন্ধন সনদে উল্লিখিত মেয়াদ অতিক্রান্ত হওয়ার এক মাস পূর্বেই কমিশনে দাখিল করিতে হইবে; ব্যর্থতায় প্রতি বিলম্বিত দিনের জন্য [৪][টাকা ৫,০০০ হারে] জরিমানা কমিশনে জমা করিতে হইবে।

৩১। **গ্রাহকের সহিত চুক্তি**।- (১) অংশগ্রহনকারী কর্তৃক গ্রাহকের হিসাব এবং মিলিত হিসাব সংরক্ষন করার ক্ষেত্রে প্রত্যেক গ্রাহকের সহিত লিখিত চুক্তি থাকিতে হইবে।

(২) উক্ত চুক্তিপত্রের ধরন ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

৩২। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাবের উপর নিয়ন্ত্রন।-(১)** ক্লিয়ারিং হিসাবে রক্ষিত সিকিউরিটি ব্যতিত গ্রাহকের সিকিউরিটি হইতে অংশগ্রহনকারীর সিকিউরিটি পৃথকভাবে সংরক্ষন করিতে হইবে।

(২) ট্রেডিং অংশগ্রহনকারী, কাস্টডি অংশগ্রহণকারী, সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংগ্রহনকারী লেনদেন নিস্পত্তির জন্য উপ-আইন মোতাবেক ক্লিয়ারিং হিসাব খুলিতে পারিবে।

(৩) পূর্ণ সেবার অংশগ্রহনকারী এবং কাস্টডি অংশগ্রহনকারী বিনিয়োগকারীর নামে হিসাব এবং, পারস্পরিক চুক্তি সাপেক্ষে, মিলিত হিসাব খুলিতে পারিবে।

(৪) সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী তাহার গ্রাহক অর্থাৎ স্টক ব্রোকার বা স্টক ডিলারের জন্য ক্লিয়ারিং হিসাব খুলিতে পারিবে।

---

[১] নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন/০১-৩৮ তারিখ ১১ই মার্চ ২০০৯ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে।
[২] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।
[৩] প্রজ্ঞাপন নং নং-বিএসইসি/সিএমআরআরসি/২০২২-৪০৭/৪৪/প্রশাসন/১৩৭ তারিখ ২২ সেপ্টেম্বর ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা অক্টোবর ২৬, ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।
[৪] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৫) স্টক ব্রোকার বা স্টক ডিলার কর্তৃক তাহাদের গ্রাহকের নিকট হইতে কেবলমাত্র বিক্রয় আদেশ পাওয়ার পরই গ্রাহকের হিসাব হইতে ক্লিয়ারিং হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে হইবে। বিক্রয় আদেশ কার্যকর করা হইলে দিনের কার্যদিবস শেষ হইবার আগেই তাহা ক্লিয়ারিং হিসাবে স্থানান্তর করা হইবে। বিক্রয় আদেশ বাতিল করা হইলে দিনের কার্যদিবস শেষ হইবার আগেই তাহা ক্লিয়ারিং হিসাব হইতে গ্রাহকের হিসাবে পুনরায় স্থানান্তর করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন হইতে নিবন্ধন সনদ প্রাপ্ত কাস্টডিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাহাদের জন্য এতদসংক্রান্ত বিদ্যমান বিধান প্রযোজ্য হইবে।

(৬) স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কৃত লেনদেন সংশ্লিষ্ট সেটেলমেন্ট নিয়ম অনুযায়ী নিষ্পত্তি হইবে।

(৭) অংশগ্রহনকারী সকল সময়ে ক্লিয়ারিং এবং মিলিত হিসাবের প্রকৃত মালিকানা সংক্রান্ত বিবরনী সংরক্ষন করিবে এবং ডিপজিটরি অথবা কমিশন এর চাহিদা মোতাবেক উহা সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

৩৩। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক কার্যকর ইলেকট্রনিক সংযোগ সংরক্ষণ ইত্যাদি।-** ডিপজিটরি অংশগ্রহনকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত পদ্ধতিতে, উহা যে ডিপোজিটরির অংশগ্রহনকারী তাহার সহিত, কার্যকর ইলেকট্রনিক সংযোগ সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিবে।

৩৪। **ডিপজিটরি অংশগ্রহনকারীর তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ।-** (১) উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক যথাযথ তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ নিশ্চিতির নিমিত্তে উহার অভ্যন্তরীণ মূল্যায়ন ও নিরীক্ষার পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে।

(২) ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক ডিপজিটরির সহিত উহার রেকর্ড প্রত্যেক কর্মদিবসে মিলাইয়া দেখিতে হইবে।

(৩) ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত পদ্ধতিতে, নির্দিষ্ট সময় সমাপ্তিতে ডিপজিটরির নিকট নির্দিষ্ট ছকে রিটার্ন (return) জমা দিতে হইবে।

(৪) কমিশন কর্তৃক চাহিবামাত্র চাহিদাপত্রে উল্লিখিত তথ্য প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহনকারী কমিশনকে সরবরাহ করিবে।

(৫) ডিপজিটরি অংশগ্রহনকারী, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত তথ্য কমিশন, ডিপজিটরি বা কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা পরিদর্শন ও পরীক্ষার জন্য সর্বদা সংরক্ষণ করিবে ও প্রস্তুত রাখিবে, যথাঃ-

(ক) ডিপজিটরি এবং হিসাব ধারক এর প্রত্যেকটি লেনদেন সংক্রান্ত তথ্য;

(খ) ডিপজিটরি অংশগ্রহনকারীর মাধ্যমে সম্পাদিত অজড় (dematerialized) এবং পুনঃজড়কৃত (rematerialized) সিকিউরিটি সম্পর্কিত সকল রেকর্ড;

(গ) প্রত্যেক হিসাব ধারকের নিকট হইতে প্রাপ্ত সকল নির্দেশ এবং তাহাদের নিকট প্রেরিত হিসাবের স্টেটমেন্টের কপি; এবং

(ঘ) প্লেজ সংক্রান্ত সকল তথ্য।

(৬) ডিপজিটরি অংশগ্রহনকারী উহার তথ্য, রেকর্ড ইত্যাদি কোন স্থানে সংরক্ষণ করিতেছে তাহা কমিশন ও ডিপজিটরিকে পূর্বেই লিখিতভাবে জানাইয়া দিবে এবং উহার কোন পরিবর্তনও তাৎক্ষণিকভাবে কমিশন ও ডিপজিটরিকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৭) প্রযোজ্য অন্য কোন আইনের বিধান পালন সাপেক্ষে, ডিপজিটরি অংশগ্রহনকারী উহার তথ্য, রেকর্ড এবং ডকুমেন্ট ন্যূনতম সাত বৎসর সংরক্ষণ করিবে।

৩৫। **একাধিক ডিপজিটরির অংশগ্রহনকারীর ক্ষেত্রে পৃথক তথ্য সংরক্ষণ।-**কেহ একাধিক ডিপজিটরির অংশগ্রহনকারী হইলে প্রবিধান ৩৪ এ উল্লিখিত তথ্য, রেকর্ড ইত্যাদি প্রত্যেক ডিপজিটরির জন্য পৃথক ভাবে সংরক্ষণ করিবে।

৩৬। **ডিপজিটরি অংশগ্রহনকারীর কার্যাবলী পরিদর্শন।-** ডিপজিটরি অংশগ্রহনকারী যে কোন সময় কমিশন বা ডিপজিটরি কর্তৃক নিযুক্ত কোন অনুমোদিত ব্যক্তিকে উহার কার্যালয়ে প্রবেশ এবং উহার কার্যাবলী, রেকর্ড, ইত্যাদি পরিদর্শন করিতে দিতে বাধ্য থাকিবে।

৩৭। **ডিপজিটরি অংশগ্রহনকারীর কার্যাবলী অর্পনে (delegation) নিষেধাজ্ঞা। -**

কোন ডিপজিটরি অংশগ্রহনকারী উহার ডিপজিটরি অংশগ্রহণকারীর কার্য, ডিপজিটরির পূর্বানুমতি ব্যতিত, অন্যের নিকট অর্পন করিতে পারিবে না।

## পঞ্চম অধ্যায়
## সিকিউরিটি অজড় বা পুনঃজড়করণ

৩৮। **সিকিউরিটি অজড় করার জন্য জমা দেওয়া ইত্যাদি।- (১)** ডিপজিটরি কোন সিকিউরিটি অজড় করার যোগ্য ঘোষণা করিলে উক্ত সিকিউরিটির মালিক ডিপজিটরিতে অথবা ডিপজিটরি অংশগ্রহনকারীর সাথে হিসাব খুলিয়া নিজস্ব নামের সিকিউরিটি, অথবা কাস্টডিয়ান হইলে তাহার গ্রাহকের নামের সিকিউরিটি, অজড় করার জন্য ইস্যুয়ারের নিকট জমা দিতে পারিবে।

[১][(২) সিকিউরিটি অজড় (demat) করার ক্ষেত্রে, মিলিত হিসাব (Omnibus account) ব্যতিত, একক নামের সিকিউরিটি অনুরূপ একক নামের ডিপজিটরি হিসাবে এবং যৌথ নামের সিকিউরিটি অনুরূপ যৌথ নামের ডিপজিটরি হিসাবে অন্তর্ভূক্ত হইবে।

(৩) আইপিও (IPO) এর মাধ্যমে প্রাথমিক শেয়ার বরাদ্দের ক্ষেত্রে, মিলিত হিসাব (Omnibus account) ব্যতিত, একক নামে আবেদন করা হইলে ডিপজিটরিতে অনুরূপ একক ডিপজিটরি হিসাবে এবং যৌথ নামের আবেদনের ক্ষেত্রে অনুরূপ যৌথ নামের ডিপজিটরি হিসাবে অন্তর্ভূক্ত করিতে হইবে।]

৩৯। **অজড়কৃত সিকিউরিটি পুনঃজড় অবস্থায় পরিবর্তন।-** উপ-আইনের বিধান সাপেক্ষে, কেহ ইচ্ছা করিলে তাহার হিসাবে জমাকৃত অজড় সিকিউরিটিকে পুনরায় জড় অবস্থায় পরিবর্তন করিতে পারিবে।

৪০। সিকিউরিটি অজড় এবং পুনঃজড় করার প্রক্রিয়া (procedure) উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

## ষষ্ঠ অধ্যায়
## সিকিউরিটির মালিকানায় পরিবর্তন

৪১। **সিকিউরিটির মালিকানায় পরিবর্তনের ক্ষেত্রে মূল্য পরিশোধের নিশ্চয়তা।**-ডিপজিটরি এই মর্মে নিশ্চিত করিবে যে, উহার এমন ব্যবস্থা রহিয়াছে যাহার মাধ্যমে স্টক এক্সচেঞ্জে সিকিউরিটি লেনদেনের বেলায়, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রাপ্তির পরই কেবল সিকিউরিটির মালিকানা হস্তান্তরিত হইবে।

৪২। স্টক **এক্সচেঞ্জে লেনদেন ব্যতিত সিকিউরিটির মালিকানা এক হিসাব হইতে অন্য হিসাবে স্থানান্তর ইত্যাদি।-(১)** ডিপজিটরি অংশগ্রহনকারী উহার হিসাব ধারকের লিখিত অনুমতি ব্যতিত কোন সিকিউরিটি স্থানান্তর করিতে পারিবে না।

(২) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারক তাহার হিসাব হইতে অন্য হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া, প্রযোজ্য ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জ বা কমিশনের অনুমতিপত্র সহ, ডিপজিটরি অংশগ্রহনকারীর বা ডিপজিটরির নিকট জমা দিবে। ডিপজিটরি অংশগ্রহনকারী বা ডিপজিটরি তাৎক্ষনিক ভাবে উক্ত ফরমে প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করিয়া সঠিক পাইলে তবে তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৩) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারক তাহার হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহনকারী বা ডিপজিটরির নিকট হস্তান্তর করিবে এবং ডিপজিটরি অংশগ্রহনকারী বা ডিপজিটরি তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৪) কেহ ইচ্ছা করিলে ডিপজিটরি অংশগ্রহনকারীকে সুনির্দিষ্ট সময় বা সকল সময়ের জন্য বলবৎ সিকিউরিটি হস্তান্তর সংক্রান্ত নির্দেশ দিতে পারিবে এবং সেই ক্ষেত্রে তাহাকে প্রতিবার উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিতে হইবে না।

(৫) যখন সিকিউরিটি হস্তান্তর এবং স্থানান্তর আদেশ মিলিয়া যাইবে তখন স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিকিউরিটি এক হিসাব হইতে অন্য হিসাবে অবিলম্বে স্থানান্তর ও হস্তান্তর হইতে হইবে।

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৬) ভুল লিপিবদ্ধতার কারণে ডিপজিটরি যদি কোন সিকিউরিটির স্থানান্তর বা হস্তান্তর করিতে না পারে তবে সেই ক্ষেত্রে অবিলম্বে এই ব্যাপারে পরীক্ষা বা অনুসন্ধান শেষ না হওয়া পর্যন্ত ডিপজিটরি উহা একটি সাময়িক হিসাব খাতে জমা করিবে।

(৭) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারকের মৃত্যু হইলে তাহার বৈধ ওয়ারিস উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ট্রান্সমিশন (transmission) এর জন্য যে ডিপজিটরি অংশগ্রহনকারী বা ডিপজিটরির নিকট সিকিউরিটি গচ্ছিত আছে উহার নিকট আবেদন করিবে। হিসাব ধারকের ক্ষেত্রে অংশগ্রহণকারী এবং প্রত্যক্ষ হিসাব ধারকের ক্ষেত্রে ডিপজিটরি প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা পূর্বক ট্রান্সমিশন কার্যকর করিবে।

৪৩। **ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ মালিকানাধারী ব্যক্তি সম্পর্কে ইস্যুয়ারকে তথ্য সরবরাহ।-** (১) প্রত্যেক ডিপজিটরি নিয়মিতভাবে ইস্যুয়ারকে অর্ধ-বার্ষিক প্রতিবেদন প্রেরণ, বার্ষিক প্রতিবেদন প্রেরণ, ক্যাশ অথবা স্টক ডিভিডেন্ড প্রেরণ, রেজিস্টারের নিকট রিটার্ন দাখিল ইত্যাদির জন্য ঐ ইস্যুয়ারের ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ সিকিউরিটির মালিকানার তথ্য (নাম, ঠিকানা, সিকিউরিটির সংখ্যা, ইত্যাদি) সিস্টেমের মাধ্যমে সরবরাহ করিবে এবং ইস্যুয়ার উক্ত তথ্য অনুযায়ী কাজ করিবে।

(২) তথ্য আদান-প্রদান সংক্রান্ত যাবতীয় পদ্ধতি (procedure) উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

## সপ্তম অধ্যায়
## অন্যান্য সুবিধা প্রদান

৪৪। **প্লেজ সুবিধা।-** (১) ডিপজিটরি অথবা ডিপজিটরির অংশগ্রহণকারী উহার গ্রাহককে প্লেজ সুবিধা দিতে পারিবে।

(২) প্লেজ এর জন্য ডিপজিটরির উপ-আইনে প্রদত্ত প্লেজ এর অনুরোধ ফরম (pledge request form) প্লেজ দাতা এবং প্লেজ গ্রহিতার স্বাক্ষরসহ জমা দিলে ডিপজিটরি অথবা ডিপজিটরির অংশগ্রহণকারী প্লেজ কার্যকর করিবে।

(৩) প্লেজ থাকা অবস্থায় ডিপজিটরির হিসাবে উহা প্লেজদাতার নামে লিপিবদ্ধ থাকিবে।

(৪) যেই সিকিউরিটি প্লেজ রাখা হইয়াছে উহা প্লেজ থাকাকালীন, প্লেজ গ্রহিতার নির্দেশে, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, হস্থান্তর করা যাইবে।

৪৫। **সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়া সংক্রান্ত সুবিধা।-** কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে, ডিপজিটরি, কমিশন কর্তৃক জারিকৃত সিকিউরিটি ধার দেওয়া-নেওয়া সংক্রান্ত বিধিমালার বিধান সাপেক্ষে, সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়া সংক্রান্ত সুবিধা প্রদান করিতে পারিবে।

৪৬। **বোনাস ও রাইট শেয়ার ইস্যু।-** [১][(১)] সকল ইস্যুয়ারের সিকিউরিটি ডিপজিটরিতে সংরক্ষিত থাকিবে সেই সকল ইস্যুয়ার কোন বোনাস বা রাইট শেয়ার ইস্যু করিলে তবে উক্ত সিকিউরিটির বরাদ্দ, সিস্টেমের মাধ্যমে, ডিপজিটরিতে অন্তর্ভূক্ত করিতে হইবে যাহা সংশ্লিষ্ট ডকুমেন্ট সহ প্রাপ্ত ইস্যুয়ারের লিখিত নির্দেশ প্রাপ্তির পর উহা পরীক্ষা সাপেক্ষে কার্যকর করা যাইবে।

[২][(২) যোগ্য ঘোষিত সিকিউরিটির ক্ষেত্রে (যে সমস্ত কোম্পানীর সিকিউরিটি স্টক এক্সচেঞ্জে অজড় অবস্থায় লেনদেন হইতেছে) কর্পোরেট ঘোষণার (যথাঃ লভ্যাংশ, রাইট ইস্যু ইত্যাদি) জন্য ইস্যুয়ার এখন হইতে বুক ক্লোজারের পরিবর্তে নির্ধারিত কোন তারিখে (একদিন) রেকর্ড ডেট (record date) হিসাবে ঘোষণা করিবে এবং উক্ত রেকর্ড ডেটের কার্যদিবস শেষে যে সমস্ত শেয়ারহোল্ডারের নাম ডিপজিটরি রেজিস্টারে অন্তর্ভূক্ত থাকিবে তাহারাই ঘোষণা অনুয়ায়ী লভ্যাংশ, রাইট শেয়ার ইত্যাদি পাওয়ার অধিকারী হইবে।

(৩) রেকর্ড ডেটে স্টক এক্সচেঞ্জে সংশ্লিষ্ট সিকিউরিটির কোন লেনদেন হইবে না।

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা পুনঃ সংখ্যায়িত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৪) স্টক এক্সচেঞ্জ রেকর্ড ডেটের নিকটতম পূর্বের একটি সেটেলমেন্ট সাইকেল (Settlement Cycle) শুধুমাত্র স্পট ট্রেড (Spot Trade) এর ব্যবস্থা করিবে।

(৫) রেকর্ড ডেটে কোন ডিপজিটরি অংশগ্রহণকারী উহার ক্লিয়ারিং হিসাবে (Clearing Account) সংশ্লিষ্ট সিকিউরিটি রাখিতে পারিবে না।

(৬) রেকর্ড ডেটে কোন ব্রোকার বা ডিলার ক্লিয়ারিং হিসাবে (Clearing Account) সংশ্লিষ্ট সিকিউরিটি রাখিতে পারিবে না।

(৭) রাইট বা বোনাস শেয়ার ইস্যুর সময় যে সমস্ত শেয়ারহোল্ডারের ডিপজিটরি হিসাব (BO Account) ইস্যুয়ার অবগত নহে তাহাদেরকে লিখিতভাবে ডিপটিজরি হিসাব (BO Account) নির্দষ্ট সময়ের মধ্যে ইস্যুয়ারের নিকট দাখিলের জন্য অনুরোধ করিবে। তবে, কোন শেয়ারহোল্ডারের ডিপজিটরি হিসাব ইস্যুয়ার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পাওয়া না গেলে তাহা ইস্যুয়ার কর্তৃক খোলা একটি সাময়িক হিসাবে (Suspense Account) শেয়াহোল্ডার কর্তৃক ডিপজিটরি হিসাব প্রদান না করা পর্যন্ত সংরক্ষণ করিতে পারিবে।

(৮) রাইট বা বোনাস ইস্যুর ক্ষেত্রে একটি পূর্ণ শেয়ার সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের পিজিটরি হিসাবে অন্তর্ভূক্ত করিতে হইবে। তবে, একটি সিকিউরিটির ভগ্নাংশের ক্ষেত্রে (১টির কম যেমন ০.৭৫ বা ০.২৫ ইত্যাদি) সকল ভগ্নাংশ শেয়ার একত্রিত করিয়া পূর্ণ সংখ্যার শেয়ার কোম্পানী সেক্রেটারির নামে খোলা ডিপজিটরি হিসাবে অন্তর্ভূক্ত করিতে হইবে, এবং উক্ত সিকিউরিটি স্টক এক্সচেঞ্জে বিক্রয় করিয়া অর্জিত অর্থ, খরচ বাদে, আনুপাতিক হারে (লভ্যাংশ পরিশোধের সময় সীমার মধ্যে) সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের মধ্যে বিতরণ করিতে হইবে।]।

৪৭। **লভ্যাংশ বিতরন।**- ইস্যুয়ার কর্তৃক অনুরোধ করা হইলে উহার ঘোষিত লভ্যাংশের ওয়ারেন্ট ডিপজিটরির মাধ্যমে বিতরন করা যাইবে। তবে সেই ক্ষেত্রে সময়মতো লভ্যাংশ বিতরন এবং লভ্যাংশ বিতরন শেষে কমিশনে রিপোর্ট দাখিলের দায়িত্ব যথারীতি ইস্যুয়ারের উপরই বহাল থাকিবে।

## অষ্টম অধ্যায়
## বিবিধ

[১][৪৮। **আদেশ বা নির্দেশ পরিপালন।**- কমিশন কর্তৃক অত্র প্রবিধানমালার অধীনে সময় সময় প্রদত্ত আদেশ বা নির্দেশসমূহ এবং এই প্রবিধানমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ ডিপজিটরি আইন, ১৯৯৯ এর অধীন প্রদত্ত আদেশ বা নির্দেশ এবং পরিপালনীয় বিধান হিসাবে গণ্য হইবে।

[২][৪৮ক।] **ডিপজিটরি প্রদত্ত সেবার ফি।**- ডিপজিটরি, উহার প্রদত্ত সেবার জন্য, **তফসীল-'৪'**-এ উল্লিখিত ফি গ্রহন করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত ফি ব্যতিত অন্য কোন খাতে [যেমন, খরচ পুনরুদ্ধার (recoverable cost), জমা (deposit) ইত্যাদি] অর্থ আদায় করিতে হইলে তাহা উপ-আইন দ্বারা নির্ধারণ করিতে হইবে।

[৩][**৪৮খ। কমিশনের অনুকুলে ফি, ইত্যাদি জমা প্রদান।**-বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকুলে বিভিন্ন ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।]

৪৯। **সর্বসাধারনের জন্য পরিদর্শন।**- ডিপজিটরি অফিস চলাকালীন সময়ে জনসাধারনের পরিদর্শনের জন্য নিম্নলিখিত তথ্য, কাগজপত্র ইত্যাদি প্রস্তুত রাখিবে, যথাঃ-

(ক) যোগ্য সিকিউরিটির তালিকা;

(খ) ডিপজিটরি অংশগ্রহনকারীদের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর;

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা পূনঃ সংখ্যায়িত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৩] প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬ তারিখ ৩০ জুন ২০২১ এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে, যাহা আগস্ট ২২, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশি হইয়াছে।

(গ) ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালা, উপ-আইন, ম্যানুয়াল ইত্যাদি;
(ঘ) ডিপজিটরি রেজিস্টার; এবং
(ঙ) কমিশন কর্তৃক নির্দেশিত অন্য কোন তথ্য, কাগজপত্র ইত্যাদি।

৫০। **অভিযোগ ও সমাধান।-** ডিপজিটরি তাহার বরাবরে দাখিলকৃত সকল অভিযোগ যথাযথভাবে লিপিবদ্ধ রাখিবে এবং অভিযোগ সমাধানে তাৎক্ষনিক যথাবিহীত ব্যবস্থা গ্রহণ করিবে।

৫১। **কমিশনে রিপোর্ট দাখিল।- (১)** ডিপজিটরি কমিশনে, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত রিপোর্ট দাখিল করিবে, যথাঃ-
(ক) পূর্ববর্তী কার্য দিবসে স্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতিত সিকিউরিটির মালিকানা পরিবর্তনের বিবরনী-পরবর্তী কার্য দিবসের মধ্যে;
(খ) পূর্ববর্তী কার্য দিবসে হস্তান্তরকারীর হিসাবে সিকিউরিটি না থাকার কারনে স্টক এক্সচেঞ্জে লেনদেন নিষ্পত্তি না হইলে উহার বিবরনী- পরবর্তী কার্য দিবসের মধ্যে;
(গ) কোন অংশগ্রহনকারীর বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইলে উহার বিবরনী-পরবর্তী তিন কার্য দিবসের মধ্যে;
(ঘ) সিস্টেমে কোন বিপর্যয় দেখা দিলে তাহা তাৎক্ষনিক অবহিত করন সংক্রান্ত রিপোর্ট; এবং
(ঙ) ডিপজিটরির অর্ধ-বার্ষিক রিপোর্ট-পরবর্তী একমাসের মধ্যে এবং বার্ষিক আর্থিক বিবরনী- পরবর্তী তিন মাসের মধ্যে।

(২) কমিশন সময়ে সময়ে অন্য যে কোন তথ্য চাহিলে তাহা কমিশনের নির্দেশ অনুযায়ী ডিপজিটরি সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

৫২। **ডিপজিটরি ও অন্যান্যের অধিকার ও দায়-দায়িত্ব।-** ডিপজিটরি, ডিপজিটরি অংশগ্রহনকারী, ইস্যুয়ার এবং ইস্যুয়ারের এজেন্টের অধিকার ও দায়-দায়িত্ব ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালা সহ এই প্রবিধানমালা, ডিপজিটরির উপ-আইন এবং সংশ্লিষ্ট পক্ষ সমূহের মধ্যে সম্পাদিত আইনানুগ চুক্তির মাধ্যমে নির্ধারিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে কখনো কোন সমস্যা উদ্ভূত হইলে তখন এই ব্যাপারে প্রদত্ত কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

[১][৫৩। **শাস্তি।-** এই প্রবিধানমালার কোন প্রবিধি বা উহার অধীন প্রদত্ত কোন নির্দেশ লংঘন বা কমিশনের তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে অথবা তফসিল-৫ এ বর্ণিত আচরণবিধি বা উপ-আইনের কোন বিধান লংঘনের জন্য কমিশন, আইন দ্বারা প্রযোজ্য শাস্তির অতিরিক্ত শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে, সংশ্লিষ্ট নিবন্ধন সনদ বাতিল বা উহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তিকে কারণ দর্শানো সহ শুনানীর সুযোগ প্রদান ব্যতিরেকে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, সংক্ষুব্ধ ব্যক্তি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ এর অধীনে কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপীল করিতে পারিবেন যাহা উক্ত প্রবিধানমালা অনুযায়ী নিষ্পত্তি করা হইবে।

অধিকন্তু শর্ত থাকে যে, কোন ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ কমিশন কর্তৃক স্থগিত বা বাতিল করা হইলে ডিপজিটরি, এতদসংক্রান্ত আদেশ প্রাপ্তির সাথে সাথে, উহার সহিত অংশগ্রহণকারীর সংযোগ বিচ্ছিন্ন করিবে। নিবন্ধন সনদ স্থগিত বা বাতিলকৃত ডিপজিটরি অংশগ্রহণকরী যদি কোন স্টক এক্সচেঞ্জের সদস্য হয় তবে সেইক্ষেত্রে উক্ত স্টক এক্সচেঞ্জ, এবং অন্যান্য ক্ষেত্রে ডিপজিটরি, বিনিয়োগকরীর বিভিন্ন ডিপজিটরি হিসাবে রক্ষিত সিকিউরিটি অন্য কোন অংশগ্রহণকারীর সাথে খোলা লিংক হিসাবে (Link account) হস্তান্তরের উদ্দেশ্যে উক্ত বাতিলকৃত/স্থগিতকৃত ডিপজিটরি অংশগ্রহণকারীর কার্যক্রম গ্রহন করিবে।]

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

৫৪। **ইংরেজী অনুবাদ পাঠ প্রকাশ**।- এই প্রবিধানমালা প্রবর্তনের পর কমিশন বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজী অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে যাহা এই প্রবিধানমালার অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই প্রবিধানমালা প্রাধান্য পাইবে।

**তফসীল-১**

[প্রবিধান ২৭, উপ-প্রবিধান (২) ]

**<u>ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের আবেদন</u>**

[সংবিধিবদ্ধ সংস্থা, ব্যাংক বা বীমা কোম্পানী, স্টক ডিলার বা স্টক ব্রোকার হইলে কেবলমাত্র **১** হইতে ৭ নং ক্রমিকে উল্লিখিত তথ্যাবলী প্রদান করিলে চলিবে।]

১। আবেদনকারীর নাম ঃ

২। আবেদনকারীর ঠিকানা ঃ
[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের
মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরিও কমিশনকে
লিখিতভাবে অবহিত করিতে হইবে]

৩। আবেদনকারী যে ডিপটিজরির
অংশগ্রহণকারী হইতে ইচ্ছুক উহার-
(ক) নাম ও ঠিকানা ঃ
(খ) কোড নং ঃ
(গ) কোড প্রদানের তারিখ ঃ

৪। আবেদনকারী কোন শ্রেণীর সেবা
প্রদান এর জন্য সনদ প্রার্থী ঃ ------অংশগ্রহণকারী

৫। আবেদনকারীর আইনগত মর্যাদা ঃ কোম্পানী/ সংবিধিবদ্ধ সংস্থা
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন। সংবিধিবদ্ধ সংস্থা, ব্যাংক বা বীমা কোম্পানী হইলে সংশ্লিষ্ট আইন/রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত ছায়ালিপি এবং সর্বশেষ নিরীক্ষিত বার্ষিক বিবরণী সংযুক্ত করিতে হইবে)।

৬। আবেদনকারীর পক্ষে স্বাক্ষরকারী ঃ
ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ
(ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)।

৭। আবেদনকারীর
(ক) অফিসের ফোন, ফ্যাক্স ঃ
ও ই-মেইল নম্বর-
(খ) প্রধান নির্বাহীর ঃ
বাসার ফোন, ফ্যাক্স, ই-মেইল নম্বর ঃ

৮। আবেদনকারী কোন কোম্পানী হইলে কোম্পানীর ঃ
পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে /প্রতিষ্ঠানে
মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ

৯। আবেদনকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

১০। আবেদনকারীর নীট মূলধন
স্থিতি (.........তারিখে) ঃ
[নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১১। আবেদনকারী কোন মার্চেন্ট ব্যাংকার, ঃ
পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল

ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা
সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা?

১২। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর ঃ
কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্য-কলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে?

১৩। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর ঃ
কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়?

১৪। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর ঃ
কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা?

১৫। আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর-
(ক) নাম
(খ) পিতার নাম
(গ) স্থায়ী ঠিকানা
(ঘ) বর্তমান ঠিকানা
(ঙ) অফিসের ঠিকানা

(চ) শিক্ষাগত যোগ্যতা

১৬। আবেদনকারীর কর্মচারীর সংখ্যা ঃ

১৭। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

..................এর পক্ষে-

তারিখ.........................

..................................
আবেদনকারীর স্বাক্ষর ও সীল

**<u>ডিপজিটরির সুপারিশ/মন্তব্য</u>**

তারিখঃ.............................

.............................................
প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

**তফসীল-২**
[প্রবিধান ৩০, উপ-প্রবিধান (১) ]

**<u>ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ</u>**

সিকিউরটিজ ও এক্সচেঞ্জ কমিশন
ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ

নিবন্ধন সনদ নং .............                                সনদ প্রদানের তারিখ......................

ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩০ মোতাবেক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা.................................... নাম লিখুন) ................................... ঠিকানা .................................কে (ডিপজিটরির নাম) এর নিবন্ধিত...................... অংশগ্রহণকারী হিসাবে কাজ করার জন্যে এই নিবন্ধন সনদ প্রদান করিল।

এই নিবন্ধন সনদ ......................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদের পশ্চাতে প্রদত্ত নির্দিষ্ট ছকে নবয়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

(সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর)
নাম ঃ ............................
পদবী ঃ ............................
সীল

**সনদ নবায়ন**

নিবন্ধন সনদ নং.......................... তারিখ..........................

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি (প্রযোজ্য হইলে) | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

**তফসীল-৩**

[প্রবিধান ৩০, উপ-প্রবিধান (৬) ]

**ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন**

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদের নবায়নের আবেদন

১। অংশগ্রহণকারীর নাম ও শ্রেণী ঃ

২। নিবন্ধন সনদ নং ঃ

৩। সনদ প্রদান, সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ

৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) ঃ

(ক) স্থায়ী

(খ) বর্তমান

(গ) অফিস

(ঘ) টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল নম্বর

৫। অংশগ্রহণকারীর প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের ব্যাপারে কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা ঃ

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহা পরিবর্তনের অনুলিপিসহ তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)।

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

....................এর পক্ষে-

তারিখঃ.................... ..........................

আবেদনকারী স্বাক্ষর ও সীল

**ডিপজিটরির সুপারিশঃ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে ................................................. (নাম লিখুন), ঠিকানা.................................................................. এই ডিপজিটরির ........................................ অংশগ্রহণকারী।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক তাহার নিবন্ধন সনদ.......................... তারিখ পর্যন্ত নবায়নের জন্য সুপারিশ করা হইল।

তারিখঃ......................... ...............................................

(প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

**[১][তফসিল-৪**

[প্রবিধান ৪৮]

ডিপজিটরি প্রদত্ত সেবার ফি

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ১। | **অজড় (demat) ফি** | | ৫.০০ | সিকিউরিটির অভিহিত মূল্য | অংশগ্রহণকারী | মাস শেষে |
| | (ক) ইকুইটি সিকিউরিটিজ/ক্লোজ-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | টাকা ০.০০০.১৫ | | | | |
| | (খ) ইটিএফ | টাকা ০.০০০০৭৫ | | | | |
| | (গ) ওপেন-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | টাকা ০.০০০০৭৫ | | | | |
| | (ঘ) কর্পোরেট বন্ড/ডিবেঞ্চার ও অন্যান্য ফিক্সড-ইনকাম সিকিউরিটিজ | টাকা ০.০০০০৭৫ | | | | |
| | (ঙ) সরকারী সিকিউরিটিজ | টাকা ০.০০ | | | | |
| | (চ) স্মল-ক্যাপ প্লাটলফরমে তালিকাভুক্ত সিকিউরিটিজ | টাকা ০.০০০০৩০ | | | | |

[১] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/১৮৯/প্রশাসন/৭০, তারিখ ৪ আগস্ট ২০১৬ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ২। | **লেনদেন (transaction) ফি** | | | | | |
| | (ক) ইকুইটি সিকিউরিটিজ/ক্লোজ-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | টাকা ০.০০০১২৫<br>টাকা ০.০০০০৭৫ (মার্কেট মেকার কর্তৃক লেনদেনের ক্ষেত্রে) | ------- | বাজার মূল্য | অংশগ্রহণকারী/ হিসাবধারক | মাস শেষে |
| | (খ) ইটিএফ | টাকা ০.০০০১২৫ (সেকেন্ডারী মার্কেটে ইটিএফ ইউনিট লেনদেনের ক্ষেত্রে, এপি ব্যতিত) | | বাজার মূল্য | অংশগ্রহণকারী/ শুধুমাত্র ক্রেতা (বিনিয়োগকারী) হিসাবধারক | ঐ |
| | | টাকা ০.০০ (এপি'র নিজস্ব হিসাবে ইউনিট সৃষ্টি ও অবসায়নের ক্ষেত্রে)<br><br>টাকা ০.০০ (এপি'র নিজস্ব হিসাবে ইটিএফ ইউনিটের অধিসস্থ সিকিউরিটির হস্তান্তর বা সেটেলমেন্টের ক্ষেত্রে)<br><br>টাকা ০.০০ (ফান্ডের গঠনের সময় এপি'র গ্রাহক হিসাবে ইটিএফ ইউনিটের অধিনস্থ সিকিউরিটির হস্তান্তরের ক্ষেত্রে) | | নীট সম্পদ মূল্য | | |

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধ কারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| | | টাকা ০.০০০১২৫ (এপি'র মক্কেল হিসাবে ইউনিট সৃষ্টির ক্ষেত্রে)<br><br>টাকা ০.০০ (এপি'র মক্কেল হিসাবে ইউনিট অবসায়নের ক্ষেত্রে)<br><br>টাকা ০.০০ (এপি'র মক্কেল হিসাবে ইউনিটের অধিনস্থ সিকিউরিটির হস্তান্তরের ক্ষেত্রে)<br><br>টাকা ০.০০ (মার্কেট মেকার কর্তৃক লেনদেনের ক্ষেত্রে) | | | | |
| | (গ) ওপেন-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | টাকা ০.০০০১২৫ (শুধুমাত্র ক্রয়ের ক্ষেত্রে, সারেন্ডারের ক্ষেত্রে নয়) | ---- | অভিহিত মূল্য | অংশগ্রহণকারী/ শুধুমাত্র ক্রেতা (বিনিয়োগকারী) হিসাবধারক | মাস শেষে |
| | (ঘ) কর্পোরেট বন্ড/ডিবেঞ্চার ও অন্যান্য ফিক্সড-ইনকাম সিকিউরিটিজ | টাকা ২৫.০০ | ----- | লেনদেন প্রতি | অংশগ্রহণকারী /হিসাবধারক | ঐ |
| | (ঙ) সরকারি সিকিউরিটিজ | টাকা ১০.০০ | ----- | লেনদেন প্রতি | অংশগ্রহণকারী /হিসাবধাকর | ঐ |
| | (চ) স্মল-ক্যাপ প্লাটফরমে তালিকাভুক্ত সিকিউরিটিজ | টাকা ০.০০০০৩<br>টাকা ০.০০ (মার্কেট মেকার কর্তৃক লেনদেনের ক্ষেত্রে) | ---- | বাজার মূল্য | অংশগ্রহণকারী /হিসাবধারক | ঐ |

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ৩। | **বার্ষিক হিসাবরক্ষণ ফি** | ডিপজিটরি (বিও) হিসাব প্রতি বাৎসরিক হিসাবরক্ষণ ফি ৪৫০/-টাকা, যাহার মধ্যে ডিপজিটরি (বিও) হিসাব প্রতি ২৫০/-টাকা হারে, ডিপজিটরি কমিশনকে পরিশোধ করিবে। উক্ত ২৫০/-টাকার মধ্য হইতে ২০০/-টাকা কমিশন সরকারি কোষাগারে জমা করিবে। অবশিষ্ট ২০০/-টাকার মধ্য থেকে ডিপজিটরি পাবে ১০০/-টাকা এবং ডিপজিটরি অংশগ্রহণকারী পাবে ১০০/-টাকা। | ---- | ---- | অংশগ্রহণকারী হিসাবধারক /মিলিত (omnibus) হিসাবের প্রত্যেক বিনিয়োগকারী | বার্ষিক অগ্রিম (বার্ষিক হিসাব-রক্ষণ ফি প্রদানে ব্যর্থতার জন্য ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি যে সব হিসাবে সিকিউরিটি নাই তাহা বন্ধ করিয়া দিবে। যদি কোন হিসাবে সিকিউরিটি থাকে তবে ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি ফি (অতিরিক্ত কোন ফি প্রযোজ্য হইলে তাহা সহ) পরিশোধ না করা পর্যন্ত হিসাব সাসপেন্ড (suspend) করিয়া রাখিবে। |
| ৪। | ডিপজিটরির সংযোগ ফি | মাসিক টাকা ৫০০.০০ | ---- | প্রথম সংযোগের জন্য মাসিক নির্দিষ্ট ফি | অংশগ্রহণকারী/ ইস্যুয়ার | মাসিক অগ্রিম |
| ৫। | ডিপজিটরির অতিরিক্ত সংযোগ ফি | মাসিক টাকা ৫০০০.০০ | ---- | প্রতিটি অতিরিক্ত সংযোগের জন্য মাসিক নির্দিষ্ট ফি | ঐ | ঐ |

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | | | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬। | **ইস্যুকৃত যোগ্য সিকিউরিটির অভিহিত মূল্যের (face value) উপর বার্ষিক ফিঃ (টাকা)** | পাঁচ কোটি টাকা পর্যন্ত | পাঁচ কোটি টাকার উর্দ্ধে তবে বিশ কোটি টাকা পর্যন্ত | বিশ কোটি টাকার উর্দ্ধে | ---- | প্রতিটি যোগ্য সিকিউরিটিজ জন্যে বার্ষিক নির্দিষ্ট ফি | ইস্যুয়ার | বার্ষিক অগ্রিম |
| | (ক) ইকুইটি সিকিউরিটিজ/ক্লোজ-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | ২৫,০০০.০০ | ৫০,০০০.০০ | ১,০০,০০০.০০ | | | | |
| | (খ) ইটিএফ | ---- | ---- | ৪০,০০০.০০ | | | | |
| | (গ) ওপেন-এন্ড মিউচ্যুয়াল ফান্ড | ------ | ২০,০০০.০০ | ৪০,০০০.০০ | | | | |
| | (ঘ) কর্পোরেট বন্ড/ডিবেঞ্চার ও অন্যান্য ফিক্সড-ইনকাম সিকিউরিটিজ | ৫,০০০.০০ | ১০,০০০.০০ | ২০,০০০.০০ | | | | |
| | (ঙ) সরকারী সিকিউরিটিজ | ৫,০০০.০০ | | | | | | |
| | (চ) স্মল-ক্যাপ প্লাটফরমে তালিকাভুক্ত সিকিউরিটি্জ | ৫,০০০.০০ | ১০,০০০.০০ | ২০,০০০.০০ | | | | |
| ৭। | **নতুন ইস্যু/আইপিও (IPO) ফি** | টাকা ০.০০০১৫ | | | ----- | ইস্যুর মূল্য | ইস্যুয়ার | আবেদনের সাথে/ মাস শেষে |

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ৮। | **পুনজড় (remat) ফি** | টাকা ০.১০ | টাকা ১০০.০০ | প্রতিটি সিকিউরিটি | অংশগ্রহণকারী/সরাসরি হিসাব-ধারক | মাস শেষে |
| ৯। | **দালিলিক (documentation) ফি** | টাকা ২,৫০০.০০ | --- | এককালীন, নির্দিষ্ট | অংশগ্রহণকারী/ইস্যুয়ার | হিসাব খোলার সময় |
| ১০। | **স্টেটমেন্টের (statement) জন্য আবেদন ফি/স্টেটমেন্ট পরীক্ষণ (verification) ফি** | (ক) টাকা ৫.০০-হার্ড কপির ক্ষেত্রে (খ) ফি মুক্ত-সফট কপির ক্ষেত্রে | ----- | প্রতি পৃষ্ঠা | হিসাব ধারক | আবেদনের সাথে |
| ১১। | **ডিপজিটরি বিও হিসাব হতে সিকিউরিটি ডেবিট/ক্রেডিট হলে, তাৎক্ষণিকভাবে হিসাবধারীকে এসএমএস বার্তা প্রেরণ** | ফি মুক্ত ও নিয়মিত | | | | |

ব্যাখ্যাঃ এই তফসিল এ উল্লিখিত ”সরকারী সিকিউরিটিজ” বলিতে Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 2 এর clause (1) এর sub-clause (i) এ বর্ণিত Government security কে বুঝাইবে।” ।]

## [1]তফসিল-৫
[প্রবিধি-৫৩]

**ডিপজিটরির অংশগ্রহণকরীর ক্ষেত্রে আচরণবিধি**

১। **সততা, দক্ষতা ইত্যাদি।**-প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক তাহার ব্যবসা ও এতদসংক্রান্ত কার্যাদি পরিচালনার ক্ষেত্রে সুনাম, দক্ষতা, বিশ্বস্ততা ও সততা বজায় রাখিতে হইবে।

২। **মক্কেলের প্রতি কর্তব্য।**-(১) প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী উপ-আইনের বিধান অনুযায়ী তাহার মক্কেলের শুধুমাত্র লিখিত নির্দেশ অনুযায়ী কায় কারবার করিবে।

(২) প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী, নির্দিষ্ট মেয়াদান্তে, তাহার মক্কেলকে হিসাবের বিবরণী সরবরাহ করিবে।

(৩) প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী তাহার মক্কেলের সিকিউরিটি যথাযথভাবে সংরক্ষণের জন্য দায়ী এবং যথাযথভাবে সংলক্ষণে ব্যর্থ হইলে মক্কেলকে ক্ষতিপূরণ করিয়া দিতে বাধ্য থাকিবে।

৩। **কমিশনের প্রতি দায়িত্ব।**-প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী কমিশন বা উহার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নির্দেশ অনুযায়ী সকল বহি, রেজিস্টার, প্রতিবেদন, দলিল বা অন্যান্য কাগজপত্র দাখিল করিবে, তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শককে সকল প্রকার সহযোগিতা প্রদান করিবে এবং এই সকল ক্ষেত্রে কোন মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য বা কাগজপত্র দাখিল করিবে না।

৪। **সন্দেহজনক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।**-প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী কোন সন্দেহজনক কার্যক্রম গোচরে আসার সাথে সাথেই তিনি উহা ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিবে।

৫। **অভিযোগের** নিষ্পত্তি।**-**কোন মক্কেল পিজিটরি অংশগ্রহণকারীর নিকট লিখিতভাবে কোন অভিযোগ করিলে তাহা অবিলম্বে নিষ্পত্তি করিবে।]

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

**মনির উদ্দিন আহমেদ**
চেয়ারম্যান

[1] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/২৭, তারিখ, ২০ জুলাই, ২০০৬ইং দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা সেপ্টেম্বর ২৭, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।